

- ১৩৬ -



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

সভাপতি : রওনক মাহমুদ  
সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
তারিখ ও সময় : ১৩/০১/২০২১; সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি রওনক মাহমুদ এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা অনুমোদন করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট শাহ্ মোঃ ইমদাদুল হক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। চলতি ২০২০-২০২১ অর্থবছরের ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ১৮/১০/২০২০ খ্রি: তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদানের জন্য ৩০/১২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে একটি ফিডব্যাক প্রদান সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট উপসচিব (মৎস্য-১) জনাব হাফছা বেগম ও প্রোগ্রামার জনাব নূর মোহাম্মদ উপস্থিত ছিলেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ মন্ত্রণালয় প্রেরিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর মতামত ও পরামর্শ প্রদান করা হয়। সভায় প্রদত্ত পরামর্শ মোতাবেক এ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। সংশোধিত কর্ম পরিকল্পনার ভিত্তিতে নির্ধারিত পরিবীক্ষণ হকে ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রস্তুত করা হয়েছে (পরিশিষ্ট-খ)। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটি সদয় অবলোকন ও মতামত প্রদানের জন্য তিনি সকলকে অনুরোধ জানান। প্রস্তুতকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনটির বিষয়ে সকলে সহমত পোষণ করায় সেটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভাপতি উপস্থিত সকলকে জানান যে, বিগত প্রায় ০১ বছর সারা বিশ্বে করোনা ভাইরাস জনিত মহামারীর প্রকোপ দেখা দিয়েছে। বাংলাদেশে করোনা ভাইরাস জনিত কারণে সৃষ্ট পরিস্থিতি মোকাবেলার জন্য শুরু থেকেই এ মন্ত্রণালয় সচেতন ছিল। সংকটজনক পরিস্থিতির মধ্যেও মন্ত্রণালয় ও অধীন সংস্থাসমূহ স্বাস্থ্যবিধি মেনে সকল প্রকার কার্যক্রম অব্যাহত রাখায় দেশে প্রাণিজ আমিষের সাপ্লাই-চেইন সঠিক ছিল। করোনা পরিস্থিতি সত্ত্বেও মন্ত্রণালয়ের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখায় সকলকে তিনি ধন্যবাদ জানান। তিনি জানান সারা বিশ্বে বর্তমানে করোনা ভাইরাসের ২য় ওয়েভ চলছে। বিগত ০১ বছরের অভিজ্ঞতাকে সামনে নিয়ে করোনা ভাইরাসের ২য় ওয়েভকে মোকাবেলার জন্য স্বাস্থ্যবিধি মেনে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। উপস্থিত কর্মকর্তাগণ করোনা ভাইরাসের ২য় ওয়েভ মোকাবেলার জন্য নিজ নিজ অভিমত প্রকাশ করেন।


১৪। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

✓ ক। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুমোদন করা হলো।

খ। করোনা ভাইরাসের ২য় ওয়েভ মোকাবেলার জন্য স্বাস্থ্যবিধি মেনে মন্ত্রণালয়ের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবেঃ

- ১৮১০  
১৮১১  
photo
- i) মন্ত্রণালয়/সংস্থা/অধীনস্থ সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আবশ্যিকভাবে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি ও এ বিষয়ে সরকার ঘোষিত সকল নির্দেশনা অনুসরণপূর্বক যাবতীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে;
  - ii) করোনা ভাইরাসের ২য় ওয়েভ মোকাবেলা করে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সরকার ঘোষিত সকল নির্দেশনা মন্ত্রণালয়/সংস্থা এবং অধীনস্থ দপ্তরসমূহে দৃশ্যমান করে সেগুলো অনুসরণ করতে হবে;
  - iii) "No Mask, No Service" সকল পর্যায়ের দপ্তরে দৃশ্যমান করে সেটি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(রওনক মাহমুদ)

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

ও

সভাপতি

শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি